অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কে সেমিকন্ডাক্টর উৎপাদন বৃদ্ধি করার মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করতে এবং নির্গমন কমিয়ে আনতে গভর্নর হোকলের রূপান্তরমূলক গ্রিন CHIPS আইন স্বাক্ষর

দেশের মধ্যে এধরনের প্রথম এই আইন নতুন কর্মসংস্থান, মূলধনী বিনিয়োগ, এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনার বিনিময়ে আর্থিক সহায়তা প্রদান করছে

কোম্পানিগুলোকে অবশ্যই কমিউনিটির জন্য সুস্পষ্ট সুফল নিয়ে আসতে হবে, যেমন উন্নত মজুরি, কর্মীদের প্রশিক্ষণ, এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য সুযোগ-সুবিধা সম্প্রসারণের জন্য কর্মসূচি প্রদান করতে হবে

এই সপ্তাহে প্রেসিডেন্ট বাইডেন কর্তৃক স্বাক্ষরিত ফেডারেল CHIPS এন্ড সায়েন্স আইনের দ্বারা তৈরি হওয়া বৃহৎ অর্থনৈতিক সুযোগ কাজে লাগানোর জন্য নিউ ইয়র্ককে প্রস্তুত করছে

গভর্নর হোকল আজ কর্মসংস্থান তৈরি, অর্থনৈতিক প্রবৃদ্ধি এগিয়ে নেওয়া এবং গুরুত্বপূর্ণ পরিবেশগত সুরক্ষা বজায় রাখার পাশাপাশি নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর (যা "চিপ" নামেও পরিচিত) উৎপাদনের একটি হাবে পরিণত করার লক্ষ্য নিয়ে দেশের মধ্যে প্রথম, যুগান্তকারী গ্রিন সেমিকন্ডাক্টর তৈরির জন্য সহায়ক প্রণোদনা তৈরি করার (Creating Helpful Incentives to Produce Semiconductors, CHIPS) আইন (S.9467/ A.10507) স্বাক্ষর করেছেন। চিপ উৎপাদনকারীদেরকে স্টেটে আসার জন্য আকৃষ্ট করার একটি ঐতিহাসিক সুযোগ কাজে লাগাতে গ্রিন CHIPS নিউ ইয়র্ককে সাহায্য করবে, যা কমপক্ষে 3 বিলিয়ন ডলারের বিনিয়োগ তৈরি করবে, প্রত্যেক প্রকল্পে 500টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং চিপ উৎপাদনের সাথে সম্পর্কিত গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনবে। এটি করার মাধ্যমে, আইনটি এসব চিপ ব্যবহারকারী নিত্যদিনের ব্যবহার্য প্রযুক্তিগুলোকে আরো সাশ্রয়ী করতে সাহায্য করবে এবং স্টেটের সামগ্রিক অর্থনৈতিক অবস্থান উন্নত করবে।

এছাড়াও এই নতুন আইন নিউ ইয়র্ক স্টেটকে যুক্তরাষ্ট্রে সেমিকন্ডাক্টর উৎপাদন বৃদ্ধির জন্য প্রণীত ফেডারেল CHIPS এন্ড সায়েন্স আইন থেকে দারুণভাবে উপকৃত হওয়ার সুযোগ করে দিয়েছে, যে আইনটি এই সপ্তাহের শুরুতে প্রেসিডেন্ট জোসেফ আর. বাইডেন কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। নিউ ইয়র্কের গ্রিন CHIPS বিল স্টেটকে ফেডারেল কর্মসূচির বাধ্যবাধকতাগুলোর সাথে সঙ্গতি রক্ষা করতে সাহায্য করবে, যা চিপ উৎপাদনকারীদের আকৃষ্ট করতে চাওয়া অন্যান্য

স্টেটের বিপরীতে নিউ ইয়র্কের উপযুক্ততা বৃদ্ধি করবে, এবং এর সবকিছুই ঘটবে এই উন্নত উৎপাদন সম্প্রসারণ যাতে পরিবেশগতভাবে টেকসই হয় সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে।

"নিউ ইয়র্ক সেমিকন্ডাক্টর উৎপাদনের ক্ষেত্রে দেশকে নেতৃত্ব দেওয়ার জন্য নিয়োজিত রয়েছে — এবং সবসময়ের মতোই আমরা সবচেয়ে নির্মল, সবচেয়ে সবুজ উপায়ে এটি করতে যাচ্ছি," **বলেছেন গভর্নর হোকল।** "এই রূপান্তরমূলক আইন, এই খাতে দীর্ঘদিন ধরে চলে আসা বিনিয়োগ এবং ফেডারেল সরকারের তরফ থেকে বাইপার্টিজান পদক্ষেপের সঙ্গে যোগ হয়ে, নিউ ইয়র্কে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি উজ্জীবিত করার ক্ষেত্রে সামনে এগিয়ে যাওয়ার একটি উল্লেখযোগ্য পদক্ষেপ হিসেবে কাজ করবে। যদি আপনি উচ্চ-প্রযুক্তির কর্মসংস্থানের সন্ধানে থাকেন অথবা আপনার ব্যবসা প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের কথা ভেবে থাকেন, তাহলে নিউ ইয়র্ক স্টেটের চেয়ে ভালো কোনো স্থান হতে পারে না।"

সাপ্লাই চেইনের সমস্যা এবং বৈশ্বিক চিপ উৎপাদনে যুক্তরাষ্ট্রের শেয়ার কমে যাওয়া অর্থনীতির প্রতিটি খাতে অসঙ্গত কঠিন পরিস্থিতি তৈরি করছে এবং জাতীয় নিরাপত্তা, প্রযুক্তিগত উদ্ভাবন, এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও স্বনির্ভরতা সহ একাধিক জরুরি ক্ষেত্রে আমাদের দেশকে কৌশলগতভাবে অসুবিধাজনক অবস্থানে রেখেছে।

গ্রিন CHIPS দীর্ঘদিন ধরে চলে আসা, পে-ফর-পারফর্ম্যান্স, এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট কর্মসূচিকে সংশোধন করছে, যা এই কর্মসূচিতে নতুন একটি গ্রিন CHIPS প্রকারভেদ যোগ করার মাধ্যমে সেমিকন্ডাক্টর উৎপাদনকারী ফ্যাসিলিটিগুলোকে আরো ভালোভাবে আকৃষ্ট করতে কর্মসংস্থান সৃষ্টি ও কোম্পানির বিনিয়োগের উপর ভিত্তি করে প্রণোদনা প্রদান করছে। গ্রিন CHIPS প্রকল্পগুলো অবশ্যই সেমিকন্ডাক্টর খাতের আওতাধীন হতে হবে এবং অবশ্যই স্টেটের প্রতি 1 ডলার বিনিয়োগের জন্য কমপক্ষে 15 ডলার বেসরকারি বিনিয়োগ সম্পন্ন করতে হবে। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে, সব গ্রিন CHIPS প্রকল্প নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক প্রণোদনা ডাটাবেসে, এবং এক্সেলসিয়র জবস ট্যাক্স ক্রেডিট কর্মসূচির ত্রৈমাসিক প্রতিবেদনে তালিকাভুক্ত থাকবে।

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন, "আপস্টেট নিউ ইয়র্কের রূপান্তর ঘটাতে চাইলে আমাদের পরবর্তী প্রজন্মের মেধাবী কর্মীদের আকৃষ্ট করতে ও ধরে রাখতে নতুন কর্মসংস্থান প্রয়োজন হবে। গ্রিন CHIPS প্রকল্পগুলো কর্মীদলের উপর বিনিয়োগ প্রত্যাশী কমিউনিটিগুলোতে মানসম্মত, উচ্চ-বেতনের কর্মসংস্থান নিয়ে আসার মাধ্যমে এই থ্রুওয়ে করিডর জুড়ে অর্থনীতিতে রূপান্তর ঘটাবে। ফেডারেল ডলার কাজে লাগানোর মাধ্যমে, আমাদের স্টেটের আইনসভা নিউ ইয়র্ককে ক্রমবর্ধমান সেমিকন্ডাক্টর উৎপাদন খাতে একটি বৈশ্বিক নেতৃত্বের অবস্থানে নিয়ে যাবে। আমি গভর্নর হোকল এবং আমাদের ফেডারেল প্রতিনিধিদের প্রতি তাদের নেতৃত্বের জন্য কৃতজ্ঞ এবং নিউ ইয়র্ক স্টেটে তৈরি হতে যাওয়া নতুন কর্মসংস্থানের সুযোগের জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য আলবার্ট এ. স্ট্রাইপ জুনিয়র বলেন, "আমার শীর্ষ অগ্রাধিকার হচ্ছে আমাদের স্টেটের জন্য একটি উন্নত অর্থনৈতিক ভবিষ্যত তৈরি করা, যা শুরু হয়েছে এমন আইন সমর্থন করার মাধ্যমে যেটি কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ করছে এবং মহামারীর ফলে

সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া শিল্পগুলোকে এবং চলমান সাপ্লাই চেইন স্বল্পতা মোকাবেলায় সহায়তা করছে। গ্রিন CHIPS বিল যাতে স্থানীয় পরিবার ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি সেমিকন্ডাক্টর উৎপাদনকারীদের উপকৃত করবে এমন আর্থিক প্রণোদনা প্রদান করে সে বিষয়টি নিশ্চিত করতে গত কয়েক সপ্তাহের অধিবেশনে আমি নিরলসভাবে কাজ করে গেছি। এখানে সেন্ট্রাল নিউ ইয়র্কে হোয়াইট পাইন (White Pine)-এর মতো নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত সাইটগুলো নিয়ে, এই আইন আমাদের কমিউনিটির উন্নয়নের জন্য একটি বিনিয়োগ হিসেবে কাজ করবে এবং আমাদের অঞ্চল ও স্টেটকে সেমিকন্ডাক্টর উৎপাদনের ক্ষেত্রে একটি নেতৃত্বের অবস্থানে নিয়ে যেতে সাহায্য করবে।"

গ্রিন CHIPS যা নিশ্চিত করছে:

- 10 বছর মেয়াদের মধ্যে কমপক্ষে 500টি নতুন কর্মসংস্থান তৈরি হবে এবং কমপক্ষে 3 বিলিয়ন ডলারের উপযুক্ত বিনিয়োগ সম্পন্ন হবে। এরপর ভালো অবস্থানে থাকা প্রকল্পগুলো প্রথম পর্যায়ের পরে কমপক্ষে আরো 500টি নতুন কর্মসংস্থান এবং আরো 3 বিলিয়ন ডলারের উপযুক্ত বিনিয়োগ সম্পন্ন করার শর্তে দ্বিতীয় বারের মতো 10-বছর মেয়াদে কার্যক্রম পরিচালনা করতে পারবে।
- একটি অনুমোদিত নির্মল জ্বালানি পরিকল্পনা যা প্রকল্পটির GHG নির্গমন এবং অন্যান্য পরিবেশগত প্রভাব প্রশমিত করবে।
- কর্মীদের ও কমিউনিটির উন্নয়নের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ, যার মধ্যে প্রশিক্ষণ ও শিক্ষা বেনিফিট এবং অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ অন্তর্ভুক্ত রয়েছে।
- প্রকল্পের নির্মাণকাজের জন্য উন্নত মজুরির হার।
- এক্সেলসিয়র কর ক্রেডিট কর্মসূচির পে-ফর-পারফর্ম্যান্স মডেল অনুযায়ী যেকোনো কর ক্রেডিট দাবি করার আগে অবশ্যই কর্মসংস্থান তৈরি ও বিনিয়োগের মাইলফলকগুলো পূরণ করতে হবে।

তার প্রশাসনের শুরু থেকেই, গভর্নর হোকল উন্নত উৎপাদন ব্যবস্থার একটি শক্তিশালী বাস্তুসংস্থান গড়ে তোলার জন্য নিউ ইয়র্ক স্টেটের ভূমিকা নিশ্চিত করার গুরুত্বের উপর জোর দিয়ে আসছেন, এবং এবছরের স্টেট বাজেটের অংশ হিসেবে, ফোকাসড অ্যাট্রাকশন অব শোভেল-রেডি ট্র্যাক্টস নিউ ইয়র্ক (Focused Attraction of Shovel-Ready Tracts New York) কর্মসূচির জন্য নিউ ইয়র্ক স্টেট 200 মিলিয়ন ডলার পর্যন্ত বরাদ্দ প্রদান করবে। FAST NY-কে স্টেটে উচ্চ-প্রযুক্তির উৎপাদন, বিশেষ করে সেমিকন্ডাক্টর উৎপাদনকে আকর্ষণ করার জন্য নিউ ইয়র্কের নির্মাণের কাজ শুরু করার জন্য ডিজাইন করা হয়েছে।

উপরন্তু, গভর্নর স্টেট বাজেটের মাধ্যমে 350 মিলিয়ন ডলারের বেশি প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছেন পুরো স্টেটের এজেন্সি ও কর্তৃপক্ষসমূহ জুড়ে কর্মীবাহিনী বিকাশে ব্যাপক বিস্তৃত, ঐতিহাসিক ও সমন্বিত বিনিয়োগ সমর্থন করার জন্য। নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (Office of Strategic Workforce Development) নিয়োগকারীদের চাহিদাগুলো শনাক্ত করতে, উপযুক্ত আঞ্চলিক প্রশিক্ষণ কৌশল প্রণয়ন করতে, এবং চাহিদাসম্পন্ন খাতগুলোতে, যেমন সেমিকন্ডাক্টর ও উন্নত উৎপাদন খাতে সফল হওয়ার জন্য অপরিহার্য

দক্ষতাগুলো অর্জনে নিউ ইয়র্কবাসীদের প্রশিক্ষণ প্রদানের কর্মসূচিগুলোকে সহায়তা করতে নিয়োগকারীদের সঙ্গে ESD-এর সম্পর্ককে কাজে লাগাবে।

সিনেটর চার্লস ই. স্কুমার বলেন, "সেমিকন্ডাক্টর উৎপাদন ও R&D এর জন্য আমেরিকার প্রধান হাব হয়ে উঠার মতো সব উপকরণ নিউ ইয়র্কে বিদ্যমান রয়েছে, এবং স্টেটের নতুন গ্রিন CHIPS কর্মসূচির সঙ্গে আমার নতুন ফেডারেল মাইক্রোচিপ ফ্যাব প্রণোদনা কর্মসূচির সম্মিলন এই শতাব্দী জুড়ে আধিপত্য বিস্তার করতে যাওয়া একটি শিল্পে বড় ধরনের বিনিয়োগ পাওয়া এবং হাজার হাজার ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করার জন্য আপস্টেট নিউ ইয়র্ককে সামনে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে পর পর দুইটি উল্লম্ফন হিসেবে কাজ করবে। সহজভাবে বলতে গেলে — এটি হচ্ছে 21 শতকের এরি ক্যানেল! আমেরিকার ভবিষ্যত যাতে নিউ ইয়র্কের হাতেই গড়ে উঠে সে বিষয়টি নিশ্চিত করতে তার সাহসী, সুচিন্তিত পদক্ষেপ গ্রহণের জন্য এবং এম্পায়ার স্টেটকে মাইক্রোচিপ উৎপাদনের বৈশ্বিক রাজধানীতে পরিণত করার লড়াইয়ে তার অংশীদারিত্বের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

রিপ্রেজেন্টেটিভ পল টনকো বলেন, "আজ নিউ ইয়র্কের মাইলফলকস্বরূপ গ্রিন CHIPS আইন স্বাক্ষর উদযাপন করতে পেরে আমি রোমাঞ্চিত। আমাদের স্টেটে পরিবেশ বান্ধব উপায়ে সেমিকন্ডাক্টর উৎপাদনের জন্য 10 বিলিয়ন ডলার পর্যন্ত প্রণোদনা প্রদান আমাদের ফেডারেল CHIPS এন্ড সায়েন্স আইনের সঙ্গে সম্মিলিতভাবে আমাদের রাজধানী অঞ্চলের উদীয়মান চিপ উৎপাদন শিল্পের বড় ধরনের উন্নতি নিয়ে আসবে। এই ধরনের বিনিয়োগগুলো আমেরিকান পরিবারগুলোর জন্য ব্যয় কমাতে, আমাদের দেশীয় সাপ্লাই চেইনকে শক্তিশালী করতে, ভালো বেতনের কর্মসংস্থান সৃষ্টি করতে সাহায্য করে, এবং আমাদের ক্রমবর্ধমান STEM কর্মীদল গড়ে তুলতে সাহায্য করে। আমাদের কমিউনিটিগুলোর জন্য কাজ করে যাওয়া এবং চিপ উৎপাদনের ক্ষেত্রে আমাদের স্টেটের একটি বৈশ্বিক নেতৃত্ব হয়ে উঠা নিশ্চিত করার এসব প্রচেষ্টা সামনে এগিয়ে নিতে হাউসে সম্মুখভাগে থেকে সাহায্য করতে পেরে আমি গর্বিত এবং এই দ্রুত-বর্ধমান শিল্পে বিনিয়োগ ও উদ্ভাবন নিয়ে আসার জন্য গভর্নর হোকলের সঙ্গে আমি অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা করি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "ঐতিহ্যবাহী উৎপাদন হারিয়ে যাওয়ার কারণে ভুক্তভোগী হওয়া স্টেটের অঞ্চলগুলোতে 21 শতকের উপযোগী কর্মসংস্থান এবং অতি প্রয়োজনীয় বিনিয়োগ আকৃষ্ট করতে গ্রিন CHIPS সাহায্য করবে। এই ঐতিহাসিক ও যুগান্তকারী আইন যে শুধু নিউ ইয়র্ক স্টেট যাতে আমাদের অর্থনীতির জন্য অতি গুরুত্বপূর্ণ একটি শিল্পকে আকৃষ্ট করতে পারে সে বিষয়টি নিশ্চিত করবে তাই নয়, বরং এমন কোম্পানিগুলোকে নিয়ে আসাও নিশ্চিত করবে যারা আমাদের কমিউনিটিগুলোর অংশ হয়ে উঠতে এবং একটি পার্থক্য তৈরি করতে সচেষ্ট হতে আগ্রহী হবে।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "নির্মল প্রযুক্তিগুলোর প্রধান উপাদান হিসেবে কাজ করে এবং বিদ্যমান সংস্থানসমূহের সাশ্রয়ী ব্যবহার উন্নত করার মাধ্যমে সেমিকন্ডাক্টর নিউ ইয়র্কের সবুজ জ্বালানি উত্তরণের ক্ষেত্রে একটি বৃহৎ ভূমিকা পালন করবে। গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, দেশের মধ্যে এধরনের প্রথম এই

আইন এই উৎপাদন শিল্প যাতে নিউ ইয়র্ককে এর ঠিকানা হিসেবে গ্রহণ করে এবং একইসাথে সবুজ চিপ উৎপাদনের প্রকল্পগুলো কিভাবে নির্গমন কমানো, স্থায়িত্ব উন্নত করা, এবং স্টেটজুড়ে কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রসার ঘটাতে সাহায্য করতে পারে তার একটি উদাহরণ হিসেবে কাজ করে সে বিষয়টি নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "গভর্নর হোকলের অর্থনৈতিক ভিশন নিউ ইয়র্ক স্টেটে উল্লেখযোগ্য বিনিয়োগ ও নজিরবিহীন সুযোগ-সুবিধা নিয়ে আসা অব্যাহত রেখেছে। এই তহবিল আমাদের উন্নত উৎপাদন খাতে প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে, স্টেটের স্থায়িত্বের প্রচেষ্টায় সহায়তা করবে এবং নিউ ইয়র্কবাসীদেরকে তাদের পছন্দের ক্যারিয়ার বেছে নিয়ে পরিবার চালানোর উপযোগী বেতন অর্জন করতে তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণের জন্য ক্ষমতায়ন করবে।"

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন, "নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি দীর্ঘদিন ধরে কর্মসংস্থান বৃদ্ধি ও মূলধনী বিনিয়োগ নিয়ে আসার জন্য স্টেটের কম-খরচের জলবিদ্যুৎ কাজে লাগানোর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়নের মেরুদণ্ড হিসেবে গর্বের সঙ্গে ভূমিকা পালন করে আসছে। গভর্নরের নতুন গ্রিন CHIPS আইন উদ্ভাবনমূলক ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে নিউ ইয়র্কে আসার জন্য আকৃষ্ট করতে পাওয়ার অথরিটির সক্ষমতাকে আরো ত্বরান্বিত করছে যাতে একসঙ্গে আমরা একটি সমৃদ্ধশীল, স্থায়ী নির্মল জ্বালানি অর্থনীতি গড়ে তুলতে পারি।"

SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন, "SUNY আগামী দিনের সেমিকন্ডাক্টর শিল্পের নেতৃত্ব, গবেষক, ও উৎপাদনকারীদের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তুত রয়েছে। NY গ্রিন CHIPS আইন এবং সম্প্রতি স্বাক্ষরিত CHIPS এন্ড সায়েন্স আইনের মাধ্যমে পাওয়া শক্তিশালী স্টেট ও ফেডারেল সহায়তা কাজে লাগিয়ে নিউ ইয়র্ক স্টেটের ক্রমবর্ধমান চিপ উৎপাদন ল্যান্ডস্কেপের অংশ হতে পেরে আমরা উচ্ছসিত। আলবানি ন্যানোটেক কমপ্লেক্স (Albany Nanotech Complex) সরকারি ও বেসরকারি অংশীদারিত্বকে একসঙ্গে নিয়ে এসেছে, এবং নিউ ইয়র্ক স্টেটের উল্লেখযোগ্য বিনিয়োগের মধ্য দিয়ে উচ্চ শিক্ষা ও ব্যবসা খাতের গুরুত্বপূর্ণ সহযোগীদের আকৃষ্ট করার জন্য এটির সর্বাধুনিক সুবিধাসম্পন্ন একটি ফ্যাসিলিটি রয়েছে। শুধু SUNY ও উচ্চ শিক্ষার জন্যই নয়, বরং সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি টেকসই ভবিষ্যত নির্মাণের জন্য তার অব্যাহত নিবেদিত প্রচেষ্টার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

NY ক্রিয়েটস (NY CREATES)-এর প্রেসিডেন্ট ডেভিড অ্যান্ডারসন বলেন, "গ্রিন CHIPS আইন আমাদের ভবিষ্যতের জন্য একটি ঐতিহাসিক বিনিয়োগ এবং এটি দেশের বাকি অংশের কাছে এই বিষয়টি স্পষ্ট করে তুলেছে যে নিউ ইয়র্ক আমেরিকার সেমিকন্ডাক্টর খাতের পুনরুত্থানে নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত। এখানে আলবানি ন্যানোটেক কমপ্লেক্স থাকায় এবং একটি সমৃদ্ধশীল শিল্পের বাস্তুসংস্থান গড়ে তোলা এবং কৌশলগত ব্যবসায়িক প্রণোদনা প্রদানের মাধ্যমে, নিউ ইয়র্ক বেসরকারি বিনিয়োগ ও নতুন কর্মসংস্থান আকৃষ্ট করার মতো একটি প্রধান অবস্থানে রয়েছে। আমরা গভর্নর হোকল, সিনেটর কুনি ও অ্যাসেম্বলি সদস্য স্ট্রাইপকে নিউ

ইয়র্কবাসীদের জন্য নতুন অর্থনৈতিক সুযোগ তৈরির জন্য তাদের ভিশন ও অঙ্গীকারাবদ্ধতার জন্য সাধুবাদ জানাই।"

বিজনেস কাউন্সিল অব নিউ ইয়র্ক স্টেট (Business Council of New York State)-এর প্রেসিডেন্ট ও CEO হিথার ব্রিসেটি মুলিগান বলেন, "আমাদের অর্থনীতির জন্য সেমিকন্ডাক্টর শিল্প কতটা গুরুত্বপূর্ণ এবং উৎপাদনের জন্য অন্যান্য দেশের উপর নির্ভরশীলতা কমিয়ে আনতে যুক্তরাষ্ট্রের জন্য এটি কতটা জরুরি এই মহামারী তা প্রমাণ করে দিয়েছে। নিউ ইয়র্ক স্টেটে এই শক্তিশালী শিল্প গড়ে তোলার জন্য এটি ইতিবাচক চালিকাশক্তির ভূমিকা রাখছে এবং দেশের নেতৃস্থানীয় এই কর্মসূচি প্রণয়নের জন্য আমি গভর্নর হোকল ও আইনসভাকে সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (New York State Economic Development Council)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর, রায়ান সিলভা বলেন, "নিউ ইয়র্ক ও যুক্তরাষ্ট্রের জন্য আজ একটি ঐতিহাসিক দিন। গ্রিন CHIPS আইন যুক্তরাষ্ট্রের সবচেয়ে আগ্রাসী বিনিয়োগ কর্মসূচি। গ্রিন CHIPS নিউ ইয়র্কে সেমিকন্ডাক্টর শিল্প ও সাপ্লাই চেইনের প্রবৃদ্ধি ত্বরান্বিত করবে, কয়েক বিলিয়ন ডলারের নতুন বিনিয়োগ আকৃষ্ট করবে এবং কয়েক প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য ভালো বেতনের কর্মসংস্থান ও অর্থনৈতিক সুযোগ তৈরি করবে। আমাদের সামষ্টিক ভবিষ্যতের প্রতি তাদের সাহসী বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকল, সিনেটর কুনি, ও অ্যাসেম্বলি সদস্য স্ট্রাইপের প্রশংসা করি।"

গ্লোবাল ফাউন্ড্রিজ (GlobalFoundries)-এর প্রেসিডেন্ট ও CEO ড. থমাস কলফিল্ড বলেন, "আমেরিকান চিপ উৎপাদন খাতে একটি নতুন অধ্যায়ের সূচনা ঘটতে যাচ্ছে, এবং যুক্তরাষ্ট্রের সেমিকন্ডাক্টর শিল্প বৈশ্বিক পর্যায়ে প্রতিযোগিতা করার জন্য এখন আগের যেকোনো সময়ের চেয়ে অপেক্ষাকৃত ভালো অবস্থানে রয়েছে। ঐতিহাসিক CHIPS এন্ড সায়েন্স আইন, গভর্নর হোকলের ভিশনারি গ্রিন CHIPS আইন দ্বারা শক্তিশালী হয়ে, নিউ ইয়র্ক স্টেট ও দেশ জুড়ে সেমিকন্ডাক্টর উৎপাদন ও উদ্ভাবনের একটি জোয়ার নিয়ে আসবে। গ্লোবাল ফাউন্ড্রিজ গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছে এবং যুক্তরাষ্ট্রের চিপ মার্কেটের এই অসাধারণ মুহুর্তটির সম্ভাবনা কাজে লাগানোর জন্য পদক্ষেপ গ্রহণ করতে প্রস্তুত রয়েছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418